কদাচিৎ নারায়ণ পুজা দুঃখহরী গরুড়ে আরুঢ় হয়ে গেলা যমপুরী । জগতের স্বামী হরি যাকেতে দেখিয়ে ভক্তি ভাবে পূজে যম পাদ্য অর্ঘ্য দিয়ে । বিরাজিত হয়ে তথা আছেন গদাধর রোদনের ধ্বনি হইল শ্রবণ গোচর । দয়াময় দুঃখি হয় করিয়া শ্রবণ জিজ্ঞাসা করেন যমে কে করে রোদন । যম উবাচ ॥ ঃ ॥

দেব পাতকিনো মর্ত্ত্যা নিরয়ে হত্যন্ত দুঃসহে । স্বহস্তার্জ্জিত দোষেণ সীদন্ত্যত্র যমালয়ে ॥ পাপ বৃক্ষ ফলং বিষ্ণো ভোক্তু মত্যন্ত দুঃখদং । ইত্যতি পাপিন স্তস্মাত্তেষাং ধ্বনি রভৌ মহান ।১৫০।

যমরাজ কহেন শুনহে নারায়ণ অনুষ্ঠান কার যত পাপি জন । দুঃসহ নরকে আসি অবসাদ পায় নিজ কর্ম্ম দোষে কিছু নাহি উদ্ধার । পাপ রূপ বৃক্ষ ফল করিতে ভোজন অতিকষ্টে পাপি সব করিছে রোদন ॥ ❁ ॥

ইত্যুক্তঃ সূর্য্য পুত্রেণ কৃষ্ণঃ কমল লোচনঃ। জগাম সহসা তত্র পাপবন্তো রুদন্তি তে॥ তান্ দৃষ্ট্বা পাপিনো মর্ত্ত্যান্ রৌরবাদিষু সংস্থিতান্। ভগবাং শ্চিন্তয়ামাস হৃদি জাত দয়ঃ প্রভুঃ॥ ময়া সৃষ্টাঃ প্রজাঃ সর্ব্বা দেবেণ নিজ কর্ম্মণা। নরি হি-তে পি নরকে সীদন্ত্যেকান্ত দুঃখদে॥ এতচ্চান্যচ্চ বিপুর্ষে বিচিন্ত্য করুণাময়ঃ। বভুব সহসা তত্র স্বয়মেকাদশী তিথিঃ॥ ততস্তান্ পাপিনঃ সর্ব্বান্ কারয়ামাস তত্র তাং। তে সর্ব্বে পরমং ধাম যযু র্গলিত কল্মষাঃ॥ তস্মা দেকাদশীং বিপ্রো মূর্ত্তিং বিদ্ধি পরাত্মনঃ। সমস্ত সুকৃত শ্রেষ্ঠাং ব্রতানা মুত্তমাং দ্বিজ॥ ৫৬॥

যমমুখে এই কথা শুনি গদাধর গমন করিলা তথা হইয়া সত্বর। যে স্থানেতে পাপিগণ করিছে রোদন আর্ত্তস্বরে অশ্রু পূর্ণ সজল লোচন। রৌরব প্রভৃতি করি নরক ভীষণ তার মধ্য বর্ত্তি পাপি দে-খি ... য়ণ। চিন্তা করিছেন হরি সদয় হইয়া ... জার দুঃখ মনেতে ভাবিয়া। সৃষ্টি কা

আমি যত প্রজা গণ কর্ম্ম দোষে পায় ক্লেশ অ্যদ্য বিদ্যমান । এই রূপে নানামত করিয়ে বিচার অনায়াসে কিসে হবে দুঃখের সংহার । অন্য কিছু নাহি আর দেখিয়ে উপায় একাদশী তিথি হয়ে হইলা সহায় । যমালয় বাসী ছিল নারকী যত জন একাদশী উপাখ্যান করিয়া শ্রবণ । ভক্তিভাবে করে সবে ব্রত একাদশী বিধত হইল সর্ব্ব পাপ রাশি২ । নরক হইতে করে বৈকুণ্ঠে গমন সতত যে স্থানে আছেন লক্ষ্মী নারায়ণ । সেই হেতু বিষ্ণু মূর্ত্তি তিথি একাদশী ব্রতোত্তম বলি ঘোষে ত্রিভুবন বাসী ॥ ❊ ॥

একাদশীং তিথিং জ্ঞাত্বা পাবয়ন্তীং জগত্রয়ং শঙ্কিতঃ পাপ পুরুষঃ স্তোত্রং বিষ্ণু মুপায়যৌ ॥ ততো বদ্ধাঞ্জলি ভূত্বা ভক্ত্যা স পাপ পুরুষঃ । তুষ্টাব কোমলৈ র্বাক্যৈ ভগবন্তং জনার্দ্দনং ॥ তস্য স্তবং সমাকর্ণ্য প্রসন্নঃ পরমেশ্বরঃ । উবাচাহং প্রসন্নোস্মি কিন্তেঽভি মত মুচ্যতাং ॥ ১৫৯ ॥

একাদশী তিথি জানি ভুবন পাবনী শঙ্কান্বিত পাপ পুরুষ মনে২ গণী। বিষ্ণুর নিকটে গেল বদ্ধাঞ্জলি হয়ে নানা মতে স্তুতি করে বহু বিলাপিয়ে। কাকুতি শুনিয়া হরি প্রসন্ন হইল অভিমত কহ বৎস তাহারে কহিল। পাপ পুরুষ উবাচ॥

সৃষ্টোহহং ভবতা বিষ্ণো নিজানুগত দুঃখদঃ। একাদশ্যাঃ প্রভাবেণ ক্ষয়ং প্রাপ্নোমি সাম্প্রতং॥ মৃতে ময়ি জগত্যস্মিন্ সর্ব্বে তেচ শরীরগাঃ। ভবিষ্যন্তি বিনির্মুক্তা ভব বন্ধৈঃ শরীরিণঃ। সর্ব্বেষুচ বিমুক্তেষু দেহিষু শ্রেষ্ঠ পুরুষ। সংসার কৌতুকাগারে কৈ স্ত্বং ক্রীড়িষ্যসি প্রভো॥ ক্রীড়িতুং যদি বা বাঞ্ছা জগৎ কৌতুক মন্দিরে একাদশী তিথি ভয়াৎ তদা মাং ত্রাহি কেশব॥ অন্যৈঃ পুণ্য শহস্রৈস্তু মাং হন্তুং নহি শক্যতে। শক্লোত্যেকাদশী হন্তুং তব মূর্ত্তির্যসৌ যতঃ। কোটি ব্রহ্মাণ্ড মধ্যেষু দেব দেব জগৎ পতে। একাদশ্যং তিথৌ স্থাতুং ময়া স্থানং ন লভ্যতে॥ ইত্যুক্ত্বা পাপ পুরুষঃ ক্লেশ

প্রাশন মচ্যুতং । ভূমৌ পিতং চক্রনদ সুব দপ্ত
প্রলেমণঃ ॥ ১৬৩ ॥

পাপ পুরুষ কহিতেছেন শুন নারায়ণ আপনি করিলে সৃষ্টি এ তিন ভুবন । নিজ অনুগত জন দুষ্ট দায়ী আমি দুর্জ্জন সুজন লোপ পরিত্রাতা তাম । দয়া করি শুন হরি মম নিবেদন একাদশী প্রতাপে আর না রহে জীবন । যেই স্থানে যাই আমি এ-তিন ভুবনে বাস হেতু স্থান নাহি পাই কোন স্থানে । ইহার অধিক কিছু শুনহ শ্রীহরি আশ্র-য়ের অভাবেতে যদি আমি মরি । ব্রহ্মাণ্ডের মধ্যে আছে যত জীব জাতি ভব বন্ধ হতে হবে সবার অব্যাহতি । তোমার শরীর গামী হবে সর্ব জন পুনর্ব্বার নাহি কিছু সংসার কারণ । ভব বন্ধ হইতে সবে বিমুক্ত হইবে সংসার কৌতুক গৃহ কি রূপে রহিবে। কাহার সহিত ক্রীড়া করিবে আপনি সকলি অনর্থ হবে শুন গুণমণি । বাঞ্ছা যদি থাকে তব করিতে ক্রীড়ন ব্রহ্মাণ্ড কৌতুক শুন জনার্দ্দন । একা না ভয়ে ত্রাণ করহ

আমার স্বচ্ছন্দ হইবে পীড়া তব অনিবার । শতশুং অন্য পুণ্য যদি করে তথাপি আমারে নাহি পারে নাশিবারে । যোগ্য একাদশী মাত্র করিতে সংহার তব মূর্ত্তি তিথি সেই বহু শক্তি তার । কোটিং ব্রহ্মাণ্ডের মধ্যে তাপহারি একাদশী দিনে স্থান নাপাই শ্রীহরি । এতেক বলিয়া ক্লেশ নাশি জনার্দ্দনে পৃথিবীতে পড়ে অশ্রু পূরিত নয়নে । রোদন করয়ে বহু হইয়া ব্যাকুল রক্ষং জগন্নাথ তুমি সর্ব্ব মূল । শ্রীভগবানুবাচ ॥ ❀ ॥

উত্তিষ্ঠ পাপ পুরুষ ত্যজ শোকং মুদং ব্রজ । একাদশ্যাং তিথৌ যত্র তব স্থানং দদামি তে ॥ একাদশ্যা মাগতায়াং পুণ্যনস্ত্যাং জগদ্ব্রয়ং । স্থাতব্য অন্ন মাশ্রিত্য ভবতা পাপ পুরুষ ॥ অন্ন মাশ্রিত্য তিষ্ঠন্তং ভবন্তং পাপ পুরুষং । ন হনিষ্যতি মন্মূর্ত্তি রিয় মেকাদশী তিথিঃ ॥ ১৬৭ ॥

ভগবান কহিতেছেন সকরুণ বাণী উঠং পাপ পুরুষ ত্যজ শোক ধ্বনি । হৃষ্ট হও ভয় নাহি একাদশী দিনে তোমারি বসতি স্থান অন্ন মাঝ

দানে। ত্রিজগৎ পাবনী তিথি আইলে একাদশী। অন্নাশ্রয় করে হবে সেই স্থান বাসী। অন্নাশ্রিত হইলে তোমারে কদাচিৎ না ছিংসিবে আমার মূর্ত্তি এই নিয়মিত ॥ ৩ ॥

তস্মাদন্নং ন ভোক্তব্যং কদাচিদপি সত্তমৈঃ। আত্মনো হিত মিচ্ছদ্ভিঃ সংপ্রাপ্তে হরি বাসরে ॥ সংসারে যানি পাপানি তান্যেবৈকাদশী দিনে। অন্ন মাশ্রিত্য তিষ্ঠান্ত পুণ্ডরীকাক্ষ আজ্ঞয়া ॥ অর্ব্বতাং সর্ব্ব পাপানি নরকা ন্নিষ্কৃতি র্ভবেৎ। মোহাৎয়ে ভুঞ্জতে বাপি তে জ্ঞেয়াঃ পাপিনা ময়াঃ ॥ ভূয়ো ভূয়ো নৃত্বং বদ্মি শৃয়তাং শ্রূয়তাং জনাঃ। নভোক্তব্যং ও হরেৰ্দ্দিনে ॥ ব্রহ্ম ক্ষত্রিয় বিট শূদ্রৈ রন্যৈশ্চ দ্বিজ সত্তম। সর্ব্বে রেকাদশী কার্য্যা চক্ত ধর্ম্ম ফলপ্রদা ॥ ১৭৪ ॥

সেই হেতু অন্ন নাহি করিবে ভোজন কদাপি মঙ্গলাকাঙ্ক্ষী সাধু যেই জন। হইবেক তিথি একাদশী যেই দিনে সাক্ষা দ্বিষ্ণু মূর্ত্ত মহিমা কে

জানে। সংসারের মধ্যে শুন পাপ আছে যত হরি দিনে ভুক্ত অন্নে হইয়া আশ্রিত। নারায়ণ আজ্ঞায় করিয়া নির্ভর তাহাতে নিয়ত থাকে হইয়া অমর। পাতক সকল যদি করে কোন জন তথাপি নরক হইতে হয় আগমন। মোহেতেও হরি দিনে ভোজন করিলে সকল পাতকি শ্রেষ্ঠ সেই পৃথ্বীতলে। পুনঃ২ দৃঢ় করি বলি শুন২ প্রাপ্ত হইলে হরি দিন নাকর ভোজন। ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র চারি জাতি। অন্যবা কেহই হক শঙ্কর প্রভৃতি। সকলেতেই একাদশী অবশ্য করিবে অনায়াসে চতুর্ব্বর্গ ফল প্রাপ্তি হবে। যথা। কৃষ্ণা তথা শুক্লা বিষ্ণোঃ প্রিয়তমা সদা। একাদশী ব্রতং কার্য্যং পক্ষয়োঃ কৃষ্ণ শুক্লয়োঃ॥ মহাপাতক যুক্তোপি করোত্যেকাদশী যদি সর্ব্ব পাপ বিনির্মুক্তো বিষ্ণু লোকং সমাপ্নুয়াৎ॥ [illegible] প্রোচ্যতে মাতা মাতা হ্যেকাদশী নৃণাং। ইহৈব পালয়ে মাতা সর্ব্বত্রৈকাদশী তিথিঃ॥ একাদশী ব্রতং

ত্যক্ত্বা ব্রতং যোঽন্যৎ করোতি বৈ। স করস্থং মণিং হিত্বা লোষ্ট্রং গৃহ্ণাতি দুর্ম্মধীঃ॥ একাদশী ব্রতং যৈস্তু কৃতং ভক্তি সমন্বিতৈঃ। তেন যজ্ঞাঃ কৃতাঃ সর্ব্বে ব্রতানি সকলানিচ॥ একাদশ্যাং ভুঞ্জতে যে মোহাৎ পাপধিয়ো নরাঃ। শুক্লায়াং বাপি কৃষ্ণায়াং তেষাং রুষ্টঃ সদা হরিঃ॥ ১৮০॥

করিবে উভয় পক্ষে ব্রত একাদশী যথা শুক্লা তথা কৃষ্ণা শ্রীহরি প্রেয়সী। মহাপাপী হয় যদি অতি দুরাচার একাদশী ব্রতে যদি ভক্তি থাকে তার। নাশে অশেষ পাতক মুক্ত হয়ে বিষ্ণুর ভবনে যায় বিমানে চাপিয়ে। জননী নহেন মাতা মাতা একাদশী শুনহ সকল লোক ত্রিজগন্নিবাসী। ইহ কালে পোষণ করেন সদা মাতা একাদশী সর্ব্ব কালে তাহার রক্ষিতা। একাদশী ত্যাগ করে যেবা অন্য ব্রত করয়ে অবশ্য হয় তার সেই মত। যেমন স্ব কর স্থায়ি মণি ত্যাগ করে গ্রহণ করয়ে লোষ্ট্র বহু সমাদরে। একাদশী ব্রত যেবা করে ভক্তি যুত কৃত সব যজ্ঞ তার কৃত সব ব্রত।

পাপ বুদ্ধি যেই জন একাদশী দিনে ভোজন করয়ে
মোহে নিষেধ না মানে । সততং তাহারে কষ্ট আ-
পনি শ্রীহরি তাহে পুন্না কৃষ্ণ ভেদ কিছুই না করি ।

যথা । সমস্ত দেবানাং শ্রেষ্ঠো বিষ্ণুঃ প্রকীর্ত্তি-
তঃ । তথা সর্ব্ব ব্রতানাঞ্চ শ্রেষ্ঠমেকাদশী ব্রতং ।।
যথা শ্রেষ্ঠঃ শিবঃ প্রোক্তো রুদ্রাণাং দ্বিজসত্তম ।
ব্রতানামেব সর্ব্বেষাং তথৈবৈকাদশী ব্রতং ।। য-
থা সকল তীর্থানাং শ্রেষ্ঠা গঙ্গা প্রকীর্ত্তিতা । তথৈ-
বৈকাদশী শ্রেষ্ঠা ব্রতেষু সকলেষু চ ।। যথা । মুনী-
নাং শ্রেষ্ঠো বর্ণানাং ব্রাহ্মণো যথা । সর্ব্ব ব্রত-
বরিষ্ঠেয়ং তথৈবৈকাদশী তিথিঃ ।। ব্যাসঃ শ্রেষ্ঠো
মুনীনাঞ্চ দেবর্ষীণাঞ্চ নারদ । তথা ব্রতানাং সর্ব্বেষাং
শ্রেষ্ঠ মেকাদশী ব্রতং ।। যথা সমস্ত দানানাং অন্ন
দানং বরং স্মৃতং । তথা ব্রতানাং শ্রেষ্ঠেয়ং কীর্ত্তিতৈ-
কাদশী তিথিঃ ।। যথা সমস্ত ধর্ম্মাণাং দয়া শ্রেষ্ঠা
প্রকীর্ত্তিতা । তথা সর্ব্ব ব্রত শ্রেষ্ঠা কীর্ত্তিতৈকা-
দশী তিথিঃ ।। বেদাগম পুরাণেষু শাস্ত্রে যন্নে-

বৃচ দ্বিজ । অত্রাপ্যেকাদশী তুল্যং বৃতং প্রোক্তং ন বেদবিদৈঃ ॥ ❀ ॥

দেবতার শ্রেষ্ঠ হরি জানিবে যেমন সর্ব্ব বৃত শ্রেষ্ঠ হরি বাসর তেমন । রুদ্রের মধ্যে শ্রেষ্ঠ শিব সর্ব্ব জীবে দয়া সকল তীর্থের শ্রেষ্ঠা শ্রীজহ্নু তনয়া । কবির মধ্যেতে শ্রেষ্ঠ ভার্গবেরে গণি তাপসের মধ্যে শ্রেষ্ঠ ব্যাস মহামুনি । জানিবেক অন্নদান সর্ব দান সার দয়া সম ধর্ম্ম নাহি সংসারেতে আর । তেমতি সকল বৃত শ্রেষ্ঠ একাদশী সকল সম্মত এই শুন দ্বিজ ঋষি । বেদাগম পুরাণ প্রভৃতি শাস্ত্র মত অত্রাপি নাহিক কেহ কহে হেন মত । একাদশী তুল্য বৃত আছে পৃথিবীতে নিশ্চয় জানিবে ইহা নাহি কোন মতে ॥ ❀ ॥

নির্ভয়া মানবাঃ সর্বে তিষ্ঠন্তি ক্ষিতি মণ্ডলে । একাদশী বৃত কৃতাং কিং কারিষ্যতি ভাস্করিঃ ॥ পাপিনোপি জনাঃ সর্ব্বে ক্ষিতৌ তিষ্ঠন্তি নির্ভয়াঃ । একা মেকাদশী মের স্বর্বতাং কিঙ্করো যমঃ ॥

তাবৎ সর্বাণি পাপানি তিষ্ঠন্ত্য স্বেষু দেহিনাং ।
একাদশী ব্রতং যাবৎ ন স্বর্বন্তি শুভপ্রদং ।। ৩ ।।

একাদশী প্রভাবেতে মানব সকলে নির্ভয় হইয়ে থাকে পৃথিবী মণ্ডলে। একাদশী ব্রত কারি হয় যেই জন কি করিতে পারে তার আপনি শমন। যদ্যপ পাতক করে জ্ঞান হয় হত এক একাদশী করে হয় বিষ্ণু রত। পাতক বিনাশে তার কি কব নিয়ম সর্ব ভূত দণ্ডকারী ভৃত্য সম যম। পাতক সকল থাকি দেহেতে তাবৎ একাদশী ব্রত নর না করে যাবৎ। অথ একাদশী ব্রত নিয়মঃ ।। ৩ ।।

দশম্যাং প্রাত রুত্থায় কর্ত্তব্যং দন্ত ধাবনং ।
তত স্তৈলা দৃতে স্নানং কর্ত্তব্যং বৈষ্ণবৈ জনৈঃ ।।
ততো বিষ্ণুং সমভ্যর্চ্য পাদ্যাদ্যৈ র্জগদীশ্বরং । হরি ধ্যান পরো ভূত্বা এক ভোজন মাচরেৎ ।। আমিষং লবণঞ্চৈব তথা মাষং মসূরকং । বৃহন্মাসং তথা শাকং দশম্যাং পরি বর্জ্জয়েৎ ।। দ্বি ভোজনং পরান্নঞ্চ মধূনি মৈথুনং তথা । ভোজনং কাংস্য পাত্রেষু দশম্যাং পরি বর্জ্জয়েৎ ।। নিম্ব পত্রঞ্চ

বার্ত্তাকীং দগ্ধাং জম্বীর মেবচ। ঘৃত হীনং তথা গব্যং দশম্যাং পরি বর্জ্জয়েৎ অত্যন্ত ভোজনং- ঞ্চৈব চাত্যম্বুপান মেবচ। তাম্বূল ভক্ষণঞ্চৈব দশ- ম্যাং পরি বর্জ্জয়েৎ ॥ দশম্যাং যানি বস্তুনি নিষিদ্ধানি দ্বিজোত্তম। দ্বাদশ্যা মপি তান্যেব নি- ষিদ্ধানি ন সংশয়ঃ ॥ দশম্যাং বিপ্র শার্দ্দূল দ্বাদশ্যা ঞ্চাপি বৈষ্ণবঃ। সম্যগ্ ব্রত ফলং প্রেপ্সু র্নকুর্য্যা ন্নিশি ভোজনং ॥ ১৯৯ ॥

দশমীতে করিয়া প্রত্যুষে গাত্রোত্থান দন্ত ধাব- নাদি ক্রিয়া করি সমাধান। অবগাহন করিবেক তৈল হীন হয়ে অধিক বিশেষ আর শুন মন দিয়ে। বিষ্ণু চিন্তা পর হয়ে বিষ্ণুরে অর্চ্চিবে দ্বিভো- জন কদাচিৎ নাহিক করিবে। আমিষ লবণ আর মাস মসূরক বর্জ্জিবেক বহুমাস দশমীতে শাক। মৈথুন পরান্ন আর মধু দ্বিভোজন দশমীতে পুন পুনঃ কাংস্যেতে ভোজন। দগ্ধ বার্ত্তাকী নিষ্প পলাপ জম্বীর ঘৃত হীন তথা গব্য ত্যজিবেক ধীর। অত্যন্ত ভোজন আর অত্যম্বু পান যত্ন করে

ত্যজিবেক তাম্বুল ভক্ষণ। দশমীতে যে যে বস্তু করিলাম নিষেধ দ্বাদশীতে ও সেই রূপ নাহি প্রতি ষেধ। তাবৎ ব্রত ফল প্রাপ্ত হবে সেই জন দশমী দ্বাদশী রাত্রে ত্যজিবে অশন। অথ তুলসী মাহাত্ম্যং। ব্যাসউবাচ॥ ॥

ইন্দ্রাদ্যৈ দৈবতৈঃ সার্দ্ধ তুলসী ভগবত্যসৌ। সংসেব্যা সর্ব্বদা বিপ্র চতুর্ব্বর্গ ফলপ্রদা। যত্রৈক তুলসী বৃক্ষ স্তিষ্ঠতি দ্বিজ সত্তম। তত্রৈব ত্রিদশাঃ সর্বে ব্রহ্ম বিষ্ণু শিবাদয়ঃ॥ কেশবঃ পত্র মধ্যেচ পত্রাগ্রেষু প্রজাপতিঃ। পত্র বৃন্তে শিব স্তিষ্ঠ তুলস্যাঃ সর্ব দৈবহি॥ লক্ষ্মীঃ সরস্বতী চৈব গায়ত্রী চণ্ডিকা তথা। শচী চান্যা দেব পত্ন্য স্তৎ পত্রেষু বসন্তিহি॥ ইন্দ্রো২গ্নিঃ শমন শ্চৈব নৈঋতো বরুণ স্তথা। পবন শ্চ কুবেরশ্চ তচ্ছাখায়াং বসন্ত্য-সী॥ আদিত্যাদি গ্রহাঃ সর্বে বিশ্বে দেবাশ্চ সর্বদা॥ বসবো মুনয় শ্চৈব তথা দেবর্ষয়ো ২খিলাঃ॥ বি-দ্যাধরা শ্চ গন্ধর্ব্বা সিদ্ধা শ্চাপসরস স্তথা। তুলসী দ মাশ্রিত্য বসতি সততং মুদা॥ সর্ব দেব ময়ী

দেবী তুলসী বিষ্ণুবল্লভা । যত্র তিষ্ঠতি তত্রৈব তিষ্ঠন্তি সর্বদেবতাঃ ।। গঙ্গাচ যমুনাচৈব নর্ম্মদা চ সরস্বতী । গোদাবরী চন্দ্রভাগা তথা ২ন্যাঃ সরিতো ২খিলাঃ । কোটিব্রহ্মাণ্ড মধ্যেষু যানি তীর্থানি ভূতলে । তুলসী তলমাশ্রিত্য তান্যেব নিবসন্তি বৈ ।। ২০৭ ।।

ব্যাসদেব কহিতেছেন শুন তপোধন ইন্দ্র চন্দ্র আদি করি যত দেব গণ । সতত তুলসী সেবে যাঁহার কৃপায় ধর্ম্ম অর্থ কাম মোক্ষ অনায়াসে পায় । তুলসী বিটপী বিদ্যমান যেই স্থানে ব্রহ্ম বিষ্ণু শিব আদি দেবতা সেখানে । যে রূপে করেণ বাস শুন বিবরণ পত্রমধ্যে থাকেন আপনি নারায়ণ । পত্রাগ্রেতে প্রজাপতি পত্র বৃন্তে শিব । যাঁহার কৃপায় তরে সংসারেতে জীব । লক্ষ্মী সরস্বতী আর গায়ত্রী চণ্ডিকা শচী প্রভৃতি করি দেবতা পত্নিকা । তুলসী পত্রেতে করেন সতত নিবাস বরুণেন্দ্র যম আর নৈঋত হুতাশ । অগ্রে পবন করেন শাখায় অবস্থিতি অষ্ট বসু মুনি গণ

দেবর্ষি সংহতি। বিদ্যাধর গন্ধর্ব্ব সিদ্ধ নবগ্রহ গণ বিশ্বেদেব সমূহ অপ্সরা যত জন। নিরন্তর তুলসী তলায় করে বাস আহ্লাদ সমুদ্রে মগ্ন না হয় নিরাশ। সর্ব্বদেব স্বরূপিণী হরির প্রেয়সী। নিরন্তর যেই স্থানে থাকেন তুলসী। সকল দেবতা তাঁরা হয়ে হৃষ্ট মন অবশ্যই তথা অনুযায়ী হন। গঙ্গা যমুনা আর নর্ম্মদা সরস্বতী গোদাবরী চন্দ্রভাগা অন্য শ্রোতস্বতী। কোটি ব্রহ্মাণ্ডের মধ্যে তীর্থ আছে যত তুলসী তলায় সবে আছেন স্থিত॥

তুলসীং সেবতে যস্তু ভক্তিভাব সমন্বিতঃ। সেবিতা স্তেন তীর্থাশ্চ দেবা বিষ্ণু শিবাদয়ঃ॥ ছিন্দন্তি তৃণজাতানি তুলসী মূলজানি যে। তদ্দেহস্থাং ব্রহ্ম হত্যাং ছিনত্তি তৎ ... হরিঃ॥ গ্রীষ্ম ... দ্বিজ ... সুগন্ধৈঃ শীতলৈ র্জলৈঃ। তুলসী সেচনং কৃত্বা নরো নির্ব্বাণ মাপ্নুয়াৎ॥ চন্দ্রাতপং ... ছত্রং বা তস্যৈ যস্তু প্রযচ্ছতি। বিশেষতো নিদাঘেষু স মুক্তঃ সর্ব্ব পাতকৈঃ॥ বৈশাখে হস্ত বা-

রাভি রভির্য স্তুলসী নরঃ। নেচয়েৎ সোহশ্ব মেধস্য ফলং প্রাপ্নোতি নিত্যশঃ॥ কদাচি তুলস্যাং দুর্দ্ধৈঃ স্নেহে নরোত্তমঃ। তস্য বেশ্মনি বিপ্রর্ষে লক্ষ্মী র্ভবতি নিশ্চলা। গোময়ে স্তুলসী মূলে যঃ কুর্য্যা দুপলেপনং। সম্মার্জ্জনঞ্চ বিপ্রর্ষে তস্য পুণ্য ফলং শৃণু। রজাংসি তত্র যাবন্তি দুরী ভূতানি জৈমিনে। তাবৎ কল্প সহস্রাণি মোদতে বিষ্ণুনা সহ॥ তুলস্যা রোপণং যস্তু ভক্তিতঃ কুরুতে নরঃ। স মৃতঃ পরমং মোক্ষং প্রাপ্নোত্যেব সংশয়ঃ॥ তুলসী প্রণমে দ্যস্তু নরো ভক্তি সমন্বিতঃ। আয়ুর্বলং যশো বিত্তং সন্ততি স্তস্য বর্দ্ধতে॥ যোহশ্না তি তুলসী পত্রং সর্ব্ব পাপ হরং শুভং। তচ্ছরীরান্তর স্থায়ি পাপং নশ্যতি তৎ ক্ষণাৎ। তুলসী কাষ্ঠ সম্ভূতাং মালাং বহতি যো নরঃ। তদ্দেহে পাতকং নাস্তি সত্য মেতন্ময়োচ্যতে॥২২॥

ভক্তি করি করে যেবা তুলসী সেবন বিষ্ণু শিব আদি করি যত দেব গণ। সকলে সেবিত হন তাঁহার সেবায় তীর্থ পর্য্যটন ফল তা

সেই পায়। তুলসী মূলেতে জাত যত তৃণ জাতি তাহার ছেদন করে যেবা করে ভক্তি। তচ্ছুরীর ছায়ী যদি বৃক্ষ হত্যা হয় নারায়ণ প্রসাদে তাহার হয় লয়। সুগন্ধি শীতল জলে তুলসী সেচন গ্রীষ্ম কালে ভক্তিভাবে করে যেই জন। নির্ব্বাণ কৈবল্য তার হয় কর স্থির কদাপি নহেক আন ব্যাসের সম্মত। চন্দ্রাতপ কিম্বা ছত্র যেবা দান করে বিশেষতো নিদাঘেতে দেবী তুলসীরে। সকল পাতক মুক্ত হয় সেই জন নির্ম্মল শরীর তার পরম শোভন। তুলসীরে জল যেবা দেয় বৈশাখেতে অশ্বমেধ ফল তার প্রতি দিবসেতে। তুলসী সেচন যেবা করে দুগ্ধ দিয়ে তার গৃহে থাকেন লক্ষ্মী নিশ্চলা হইয়ে। তুলসীর মূল যেবা করয়ে লেপন গোময়ের দ্বারা কিম্বা করে সম্মার্জ্জন। তাহার পুণ্যের কথা করি অভিমতি আশ্চর্য্য (বৃদ্ধি) প্রাপ্ত শুন শুদ্ধমতি। যত ধূলী দূরী ভূতা হয় ভাত [illegible] হতে তাবৎ কল্প শহশ্র থাকে বিষ্ণুর সন্ত। ভক্তি ভাবে করে যেবা তুলস্যা রোপণ

পরম মোক্ষ প্রাপ্ত হয় মরিলে সে জন । তুলসী প্রণাম যেবা করে ভক্তি যুত পূজা আয়ু বৃদ্ধি হয় বল সেই মত । যশো বিত্তের পুনঃ কি কহিব কথা কখন নাহিক হ্রাস বর্দ্ধন সর্ব্বথা । সর্ব পাপ হারি হয় তুলসী ছদন যত্ন করি যেন নর করয়ে ভক্ষণ তাহার শরীর মধ্য বর্ত্তি যত পাপ তৎক্ষণে ভস্ম রাশি নাহি শোক তাপ । তুলসী কাষ্ঠের মাল্য যে করে ধারণ তার গৃহে পাপ নাহি থাকে কদাচন।

যজ্ঞং ব্রতঞ্চ পিতৃ পূজন মচ্যুতার্চ্চাং দানং যদন্য দপি কর্ম্ম শুভং মনুষ্যাঃ । কুর্বন্তি দোষ রহিতে তুলসী তলেচ তান্য ক্ষয়ানি সকলানি ভবন্তি নূনং। যদ্ধর্ম্ম কর্ম্ম কৃত মনুজৈঃ পৃথিব্যাং নারায়ণ প্রিয়তমাং তুলসীং বিনাচ । তৎসর্ব্ব মেব বিফলং ভবতি দ্বিজেন্দ্র পদ্মেক্ষণোপি নহি তুষ্যতি দেবদেবঃ ।। যাত্রাসু পশ্যতি শুভাং তুলসীং পবিত্রাং ভক্তি ভাব সহিতো মনুজো দ্বিজে ন্দ্র যাত্রা ফলং সকল মেব হরি প্রসাদাৎ তস্যা শু ... বচঃ সুদৃঢ়ং প্রমেতৎ ।। ত্যক্ত্বা সুগন্ধি ক

ভুবনৈক নাথো মন্দার কুন্দ নলিনাদিক মপ্যনন্তঃ। গৃহ্লাতি সদ্গুণময়ীং তুলসীং প্রমোদঃ শুদ্ধা যদি প্রচুর পাপ বিনাশ দক্ষাং॥ ২৫॥

পিতৃ পূজা যজ্ঞ ব্রত হরির অর্চ্চন দান প্রভৃতি করি যত কর্ম্ম সুশোভন। যে মানব করে ইহা তুলসী তলায় সকল অক্ষয় হয় জানিবে নিশ্চয়। যেই ধর্ম্ম কর্ম্ম নর করে পৃথিবীতে নারায়ণ প্রিয়তমা তুলসী ব্যতীতে। বিফল সকল তার জানিবে নিশ্চয় নারায়ণ তুষ্টি তাহে কভু নাহি হয়। যাত্রাকালে তুলসীরে করি সন্দর্শন ভক্তিযুত হয়ে যেবা করয়ে গমন। হরির প্রসাদে শুন তার যাত্রা ফল অবশ্যই সিদ্ধ হয় সে সকল। পারিজাত কুন্দআদি সুগন্ধি কুসুম অতিশয় সুশোভন সর্ব্ব মনোরম। ত্যাগ করি দূরে তাহা আপনি নারায়ণ স্বয়ং তুলসী পত্র করেন গ্রহণ। অথ আমলকী মাহাত্ম্যং। ব্যাসউবাচ॥ ❀॥

যথা প্রিয়তমা বিষ্ণো স্তুলসী সততং দ্বিজ। তথা প্রিয়তমা ধাত্রী সর্ব্ব পাপ বিনাশিনী। তত্র-

সী বৃক্ষ মাসাদ্য যা স্থা স্তিষ্ঠন্তি দেবতাঃ । আস্ফ-
লক্যা মপি পুংক্তি তা স্তাএব বসন্তি চ ।। গঙ্গাদী-
নিচ তীর্থানি তত্রৈব দ্বিজ সত্তম । বিষ্ণু প্রিয়তমা
ধাত্রী পবিত্রা যত্র । তিষ্ঠতি অশুভম্বা শুভম্বাপি যৎ
কর্ম্মামলকী তলে । ক্রিয়তে মানবৈ র্বিপ্র ভবে
ত্তৎ সর্ব্ব মক্ষয়ং ।। পবিত্রৈ কর্ত্তামৈঃ পত্রৈঃ ধাত্র্যা
য়ঃ পূজয়েদ্ধরিং । স মুক্তঃ পাপ জাতেন সায়ুজ্যং
লভতে হরেঃ ।। ন তিষ্ঠত্যাশ্রমে যস্য ধাত্রীচ তুল-
সী শুভা । তেন কর্ম্ম কৃতং সর্ব্বং নূনং গচ্ছতি নি
ষ্ফলং ।। স্থানে যস্মিন্ দ্বিজশ্রেষ্ঠ ন ধাত্রী তুলসী ন চ ।
শ্মশান তুল্যং তৎ স্থানং বিজ্ঞেয়ং তত্ত্ব দর্শিভিঃ ।।
ধাত্রী কাষ্ঠস্য মালাঞ্চ যো বহে ন্মহিমা ন্নরঃ ।
তস্য দেহং সমাশ্রিত্য তিষ্ঠন্তি সর্ব্ব দেবতাঃ ।।
ধাত্রী ফল স্রজং গৃহ্নন্ যৎ কর্ম্ম স্কুরুতে নরঃ । তৎ-
সর্ব্ব মক্ষয়ং প্রোক্তং শুভম্বা শুভ মেবচ ।। যস্তু ধাত্রী
ফলং ভুঙ্‌ক্তে মানবোঽখিলং তত্ত্ববিৎ । তদ্দেহাভ্য-
ন্তর স্থায়ি সর্ব্বং পাপং বিনশ্যতি ।। ধাত্রী ফল ময়ীং
মালাং যো বহেৎ দ্বিজ সত্তম । ব্রবীমি শৃণু মাহাত্ম্যং

সর্ব্ব পাপ হরং শুভং ॥ শ্মশানেপি যদা মৃত্যুস্তস্য স্যা দৈদ্দব যোগতঃ । গঙ্গা মরণজং পুণ্য মবাপ্নোতি ন সংশয়ঃ । তন্দৃষ্ট্বা পাপিনঃ সর্ব্বে পাপ জালৈঃ সুদারুণৈঃ । সদ্য এব প্রমুচ্যেত জন্ম কোটি শতৈরপি ॥ নিত্যং গৃহ্লাতি বিপ্রেন্দ্র যো ধাত্রী ফল কর্দ্দমং । দিনে২ লভেৎ পুণ্যং সোহশ্বমেধ শতোদ্ভবং ॥ ধাত্রী বৃক্ষঞ্চ যো হন্তি সর্ব্ব দেব গণাশ্রয়ং । স দদাতি হরে রঙ্গে ঘাতনং নাস্তি সংশয়ঃ ॥ ২৪ ॥

ব্যাস বলেন মনোযোগে শুন দ্বিজবর ধাত্রীর মাহাত্ম্য কিছু হইয়া তৎপর । বিষ্ণুর প্রেয়সী যেমন তুলসী সতত সর্ব্ব পাপ বিনাশিনী ধাত্রী সেই মত । তুলসী বৃক্ষেতে যেযে দেবের বসতি আমলকীতেও তাঁহাদের আছে অবস্থিতি । গঙ্গা পুষ্করাদি তীর্থ থাকেন তথায় বিষ্ণু প্রিয়তমা ধাত্রী আছে যথায় । শুভবা অশুভ হৰু আমলকী তলে যে যে কর্ম্ম করে তাহা অক্ষয় সকলে । ধাত্রীর পবিত্র পত্রে যেবা পূজে হরি সর্ব্ব পাপে মুক্ত হয় সাযুজ্য মূর্ত্তি ধরি । ধাত্রী কিম্বা তুলসী নাহিক যার

ঘ্রাস তৎকৃত ধর্ম্ম কর্ম্মে নাহি কিছু আশ । ধাত্রী কিম্বা তুলসী নাহিক যেই স্থানে শ্মশান সদৃশ সেই সাত্বিকে বাখানে । আমলকী কাষ্ঠ মাল্য যা- হার শরীরে সর্ব্বদে, আশ্রয় করেন তার কলেবরে । আমলকী ফলমাল্য করিয়া গৃহণ শুভ কি অশুভ কর্ম্ম করে যেই জন । নিশ্চয় জানিবে হয় সেসব অক্ষয় কদাচ অন্যথা নহে শাস্ত্রের নিশ্চয় । ধাত্রী ফল যেই জন করয়ে ভক্ষণ অবশ্য তাহার সর্ব্ব পাপ বিমোচন । আমলকী ফলমাল্য যার কলে- বরে দৈবযোগে সেই যদি শ্মশানেতেও মরে । গঙ্গা মরণ ফল সেই জন পায় অবশ্য২ তাহে নাহিক সংশয় । তাহাকে দর্শন যদি করে মহা- পাপী তাহার অঙ্গেতে পাপ না থাকে কদাপি । কোটি শত শত জন্মে অর্জ্জিত পাতক তৎক্ষণে ভস্ম রাশি নাহি বিঘাতক । নিত্য ধাত্রী মূল পঙ্ক যে করে গৃহণ । তাহার পুণ্যের কিছু শুন বিবরণ প্রতিদিন অশ্বমেধ শতে যাহা হয় অনায়াসে সে-

ই পুণ্য সেইজন পায় । সর্ব্বদেবালয় যাত্রী যে করে ছেদন হরির শরীরে ঘাত করে সেই জন ॥ ❀ ॥

অথ সময় বিশেষে তুলস্যাদি ধারণ ফল।

প্রাপ্নোতি মৃত্যুকালে য স্তোয়ং পাতকবানপি। তুলসী পত্র গলিতং স যাতি হরি সন্নিধিং ॥ তুলসী মৃত্তিকা পুণ্ড্রং যো মৃত্যুসময়ে বহেৎ। সমুক্তঃ সকলৈঃ পাপৈঃ পুরং গচ্ছতি চক্রিণঃ ॥ যস্য স্যা তুলসী পত্রং মুখে শিরসি কর্ণয়োঃ । মৃত্যুকালে দ্বিজশ্রেষ্ঠ তস্য স্বামী ন ভাস্করিঃ ॥ ২৪৩ ॥

তুলসী পত্র গলিত তোয় মৃত্যুকালে যেই জন প্রাপ্ত হয় বহু পুণ্য ফলে । সকল পাতক হতে বিমুক্ত হইয়া হরির নিকটে যায় বিমানে চাপিয়া । তুলসী মৃত্তিকা পুণ্ড্র যে করে ধারণ মৃত্যুকালে সর্ব্ব পাপ তার বিমোচন । শুদ্ধ কলেবর ধারী মনোহর বেশ বিষ্ণুর ভবনে পুনঃ করয়ে প্রবেশ । শিরঃ কর্ণ মুখে যার তুলসী পলাশ মৃত্যুকালে হয় তাহে যমের বিনাশ । অথ অতিথি মাহাত্ম্যং ॥ ❀ ॥

গৃহিণাং পরমো ধর্ম্মঃ প্রোক্ত শ্চাতিথি পূজনং। আশ্রমাচারতো ভ্রষ্টা স্তদতে গৃহিণো বিদুঃ ॥ বহুভ্যতিথি পূজায়াং দক্ষতাং গৃহিণো যদি। তদা প্রয়োজনং তেষাং কিং অন্যৈঃ পুণ্য কর্ম্মভিঃ ॥ যস্য ন জ্ঞায়তে নাম্নে নচ গোত্রং নচ স্থিতিঃ। অকস্মাদ্‌গৃহ মায়াতি সোহতিথিঃ প্রোচ্যতে বুধৈঃ।২৪৬।

গৃহির পরম ধর্ম্ম অতিথি সেবন তাহাতে অদিষ্ট বশে বিমুখ যে জন। বৃথায় সকল তার না হয় সকল আশ্রম আচার হতেও অবশ্য বিকল। নিপুণতা আছে যার অতিথি পূজায় প্রয়োজন কিছু নাই অন্য পুণ্য তায়। নাম গোত্র বাস স্থান নাহি জানি যার অকস্মাৎ গৃহে আইসে অতিথি নাম তার ॥ ❀ ॥

ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়াবাপি বৈশ্যাবা বৃষলা স্তথা। গৃহাগতাঃ পূজিতব্যাঃ বিষ্ণুবৎ তত্ব দর্শিভিঃ ॥ চণ্ডাল প্রমুখা যেহন্যে হীনবর্ণা গৃহাগতাঃ। বিষ্ণুবৎ পূজিতব্যা স্তে পাদ্যাদ্যৈ ভূরি ভোজনৈঃ ॥ সমাগতেষ্ব তিথিষু প্রণামং কুরুতে গৃহী। আসনং

শ্রদ্ধয়া দদ্যাৎ পাদ্যার্ঘ্যাদীনিচ দ্বিজো ॥ অর্ঘ্যান্তু
কুশল প্রশ্নং বচনৈঃ কোমলাক্ষরৈঃ । কারয়েদ্ভো-
জনঞ্চাপি দিব্যৈ রত্নৈ মুদা গৃহী ॥ সুখদে মন্দিরে
তস্য শয়নং কারয়েদ্বুধঃ । প্রাতর্জিগমিষুং ভ-
ক্ত্যাত মাগন্তুং বিসর্জ্জয়েৎ ॥ যদি কর্ম্ম বিপা-
কেন গৃহী ভবতি দুঃখবান্ । অথ দেবাতিথিঃ
পূজ্যস্তদহং বহ্নি সত্তমৌ ॥ সমাগতে হ্যতিথিবু
ভক্ত্যা দদ্যা তৃণাসনং । তৃণাভাবেন বৈ ব্রুয়াৎ ভূ-
ম্যেব বসতি স্তত্র ॥ পাদপ্রক্ষালনাদ্যর্থং দদ্যাদুদক
মুত্তমং । ততো মধুরয়া বাচা পৃচ্ছেৎ কুশলাদিকং ॥
ফলাদিকং ততো দদ্যাৎ ভক্ত্যা ভোজন হেতু-
বে । ততো ভাবেন মতিমান্ স্ব দারিদ্র্যং প্রকাশ-
য়েৎ ॥ বদেদ্বাহং মহাপাপী দরিদ্র প্রবরোঽ
তিথে । কর্ত্তু মিচ্ছামি ভক্তিং তে দৈবং তত্র বিরো-
ধকং ॥ অনেন বিধিনা দীনঃ সংস্তুত্বাঽতিথি পূ-
জনং । আচার পতিতো ন স্যাৎ যথোক্ত ফল
মাপ্নুয়াৎ ॥ ২৬১ ॥

ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র চারি জাতি করিবে অতিথি পূজা করি নতি স্তুতি। অতিশয় হীন বর্ক্ত চণ্ডালাদি যত যদি আসি অকস্মা গৃহে উপ স্থিত। নারায়ণ সাদৃশ্যেতে করিবে পূজন পাদ্য অর্ঘ্য আদি দিয়ে প্রচুর ভোজন। অতিথি আগত হলে প্রণাম করিবে সম্মুখে আ । দিয়ে পাদ্য অর্ঘ্য দিবে। জিজ্ঞাসিবে সুকোমল বচনে কুশল ভোজন করাবে দিয়ে দিব্য অন্ন জল। সুখদ মন্দিরে দিবে করিতে শয়ন ততঃপর কর্ত্তব্যের শুন বিবরণ। প্রভাতা যামিনী হলে গমনে উন্মুখ নানাবিধ স্তুতি বাক্যে জন্মাইবে সুখ। কর্ম্মের বিপাকে যদি দুঃখী হয় গৃহী কিরূপে করিবে পূজা শুন তাহা কহি। গৃহাগত গৃহাগত হইলে সুজন ভক্তিভাবে যত্ন করি দিবে তৃণাশন। তৃণের অভাবে আসন পৃথ্বীরে কল্পিবে পাদ প্রক্ষালনে জল প্রদান করিবে। ততঃপর সুমধুর বচনেতে ধিরে কুশল বৃত্তান্ত কথা জিজ্ঞাসিবে তাঁরে। ফল মূল আদি করি যাহা শক্তি হয় অশন কারণ দিবে ক-

রিয়া বিনয় । তাহার অভাব হলে জানাবে সকল আপনার সুদারিদ্র্য হইয়ে বিকল । কহিবে দরিদ্র আমি পাপী দুরাচার তোমাতে করিতে ভক্তি বাধ বিধাতার । এই রূপে বিধিমতে করিলে স্তবন ইহাতেই তার হয় আতিথি সেবন । নাহি হয় সেই জন আচারে পতিত যথোক্ত ফলের পাত্র হয় সেই মত ॥ ৯ ॥

অনর্চিতোহ তিথি র্যস্য গচ্ছেদ্‌ গৃহিণো গৃহাৎ । জন্ম কোট্যর্জ্জিতং পুণ্যং তস্য গচ্ছতি সংক্ষয়ং ॥ এক বারাতিথি র্যস্য ভক্তি ভাবেন পূজ্যতে । হরে তস্য হরিঃ সদ্যঃ পাতকং কোটি জন্মজং ॥ সত্যং২ পুনঃসত্য মাগন্তু পূজয়া বিনা । গতি র্নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গৃহ ধর্ম্মিণাং ॥ ২৫৫ ॥

যার গৃহ হইতে অতিথি বিমুখ হয় কোটি জন্মার্জ্জিত পুণ্য তাহার সংক্ষয় । এক বার ভক্তি করি অতিথি সেবন বিভবের অনুরূপে করে যেই জন । কোটি জন্মে কৃত তার পাপ রাশি রাশি তৎক্ষণে নষ্ট করেন বৈকুণ্ঠ নিবাসী ॥ ৯ ॥

সত্য বলিতেছি তাহে হিতবাক্য বটে অতিশয় পুনঃ২ বলি শুন সবে। অতিথির পূজা বিনা গৃহস্থ জন্যের হেন কর্ম্ম কিছু নাই যাহাতে উদ্ধার॥ সত্য২ পুনঃ সত্য আগন্তু পূজন ব্যতিরেকে গতিহীন গৃহস্থ যেজন। অথ তত্বনির্ণয়ঃ॥ দেব বৃন্দ সহিত ব্রহ্মবাক্যং।

বিভর্ষি রূপাণ্যববোধ আত্মা ক্ষেমায় লোকস্য চরাচরস্য। সত্ত্বোপপন্নানি সুখাবহানি সতামভদ্রাণি মুহুঃখলানাং॥ ❀॥

হরি হর ব্রহ্মাদ্যাদি নানাবিধ তনু অশেষ মঙ্গল ধাম অকলঙ্ক ভানু। সাধুজন সুখ কর শুদ্ধ সত্ব রূপ দুর্জ্জন অভদ্র কারি শুভদ সুরূপ। চরাচর জগতের সাধিতে অভয় সংসার বিপিনে সর্ব্ব জীবের নিলয় নির্গুণ নিষ্ক্রিয় সর্ব্ব জীবে অধিষ্ঠাতা পরমাত্মা সনাতন ত্রিভুবন পিতা। গ্রহণ করহ প্রভু তুমি সারাৎ সার যাহার প্রভাবে হয় দুস্তারের পার॥ অনায়াসে হৃদি মধ্যে তাঁহারে ভাবিয়ে অনন্যের অস্পৃশ্য মায়া শিশু বিদারিয়ে। অনন্য

দুর্লভ যেই দুর্লভ্যের সার সতত তাঁহার সঙ্গে করয়ে বিহার । অত্র প্রমাণং ॥ ❀ ॥

স্বয়ংসমুজ্জাঙ্কাখিল সত্ত্ব ধাম্নি সমাধিনা বেশিত চেতসৈকে । ত্বৎপাদ পোতেন মহৎ কৃতেন কুর্ব্বন্তি গোবৎস পদং ভবাব্ধিং ॥ ❀ ॥

কেহ২ধ্যানে পদ্ম পলাশ লোচন নয়ন সফল মূর্ত্তি করি আলম্বন । তব পাদ পদ্ম তরি সমীপেতে রয় গোষ্পদ সদৃশ তার ভব সিন্ধু হয় ॥

স্বয়ং সমুত্তীর্য্য সুদুস্তরং দ্যুমন্ ভবার্ণবং ভীম মদভ্র সৌহৃদাঃ । ভবৎ পদাম্ভোরুহ নাব মত্র তে নিধায় যাতাঃ সদনুগ্রহো ভবান্ ॥ ❀ ॥

ভয়ঙ্কর ভবার্ণব দুস্তর গভীর তোমার সেবক অতি সদয় সুধীর । আপনি হইয়া পার পরম পদ পায় তব অনুগ্রহে তরি রাখিয়ে হেথায় ॥

যেহন্যে২রবিন্দাক্ষ বিমুক্ত মানিন স্ত্বয্যস্ত ভাবা দবিশুদ্ধ বুদ্ধয়ঃ । আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ পতন্ত্যধো২নাদৃত যুষ্ম দঙ্ঘ্রয়ঃ ॥ ❀ ॥

বিমুক্তাভিমানী যেবা তব ভক্তি হীন নাহি সুখ তাহে যেন জল হীন মীন। অবিবেকির অগ্রগণ্য নাহি শুদ্ধ মতি। কালসর্প ত্রস্ত যথা মণ্ডুকের গতি। নানা মত ক্লেশ পাইয়া ভ্রমে নানা স্থানে পিপাসিত মৃগ যথা নিবিড় কাননে। অভিমত ফল সিদ্ধি নাহি তার হয় চন্দ্র ধরিবারে যথা বালকের উদয়। পরিশ্রম সাধ্য নহে সংসার মোচন কেবল ভক্তির প্রাপ্য শুন সর্ব্ব জন। যদ্যপিও বহু কষ্টে পরম পদে যায় তৎক্ষণাৎ অধঃপাত জানিবে নিশ্চয়। তোমার চরণারবিন্দে নাহি যার মতি জন্ম সহস্রান্তেও তার না হয় উদ্ধৃতি। ॥ ※ ॥

তথা ন তে মাধব তাবকাঃ ক্বচিৎ ভ্রশ্যন্তি মার্গা ত্বয়ি বদ্ধ সৌহৃদাঃ। ত্বয়াভিগুপ্তা বিচরন্তি নির্ভয়া বিনায়কানীকপ মূর্দ্ধসু প্রভো ॥ ※ ॥

তোমার সেবক যেবা তব ভক্তি যুত কদাপি নাহক হয় আত্ম পথ চ্যুত। সতত বিঘ্নপতি মস্তক নিলয় হইয়া ভ্রমণ করে সতত নির্ভয়। অমঙ্গল কারী যদি সহস্রেক থাকে তুমি যার রক্ষা কর্ত্তা কি ভয় তাহাকে ॥ ※ ॥

সত্ত্বং নচেদ্ধাত রিদং নিজং ভবে দ্বিজ্ঞান ম-জ্ঞান ভিদাপ মার্জ্জনং । গুণ প্রকাশৈ রনুমীয়তে ভবান্ প্রকাশতে যস্য চ যেন বা গুণঃ ।। ২৭ ।।

সত্ত্ব গুণ অবলম্বি তব এই বপুঃ যদ্যপি নাহিক হয় সকলের রিপু । অজ্ঞান তিমিরে অন্ধ থাকে সর্ব্বজন বিজ্ঞান বিনাশ পায় শ্রেয়ের ভাজন । এই হেতু নানা রূপ হয়ে অবতারী । ব্রহ্ম বিষ্ণু শিব আদি নানা মূর্ত্তি ধারী । সেবকের মনো অনুরূপ যেই কায় সেই রূপে অনুকূল হইয়া তাহায় । হৃদয় সরোজোপরে প্রগল্ভ মানস বাঞ্ছা কল্পতরু হন অদ্ভুত বিকাশ । তাঁহার সম্বন্ধ যদি হৃদয়েতে হয় রমমন্ত্রী ছজন তদা অতি শঙ্কাকুল ; ক্রমেং একেং করে পলায়ন সিংহের সৌরভে যেন শৃগা-লের গমন । কাম আদি ছয় জন যদি পলাইল অ-বিদ্যার অশেষ বল তখনি টুটিল । ক্ষীণবলা হয়ে মায়া চঞ্চল হৃদয়ে সেই স্থান ত্যাগ করি যান অন্যালয়ে । এই রূপে মায়া ফাঁসি কাটিয়ে ত্বরায়

সজীব হইয়া জীব দেখিবারে পায়। নির্গুণ সগুণ ব্রহ্ম হৃদয় মাঝারে প্রতিবন্ধ কারী কেহ নাহিক অন্তরে। আহ্লাদ সাগরে মগ্ন নিরুপম সুখ চির-কাল ভুঞ্জে নাহি হয় বহির্মুখ। যদ্যপি শ্রবণ আদি অনেক উপায় আত্মজ্ঞানে নিরন্তর আছেক সহায়। তথাপি তাঁহার ভক্তি হীন যেই জন তাঁর প্রতি শক্তি হীন করিতে সাধন। যথাগং। শ্রেয়ঃ সৃতিং ভক্তি মুদস্য তে বিভো ক্লিশ্যন্তি যে কেবল বোধ লব্ধয়ে। তেষা মসৌ ক্লেশল এব শি-ষ্যতে নান্য দ্বথা স্থূল তুষাবঘাতিনাং॥

মুক্তি পথ তব ভক্তি ত্যজে যেই জন আত্ম জ্ঞান লাভে সদা হয় সযতন। বিফল তাহার যত্ন কোন কার্য্যে নয় স্থূল তুষ ঘাতে যথা তণ্ডুল না হয়॥ অত্রেদং যথা শাস্ত্রং বিবিচ্যতে॥ শুনরে সংসারি জীব নির্ব্বিকল্প মনে ভজন সাধন সিদ্ধি শাস্ত্রের বিধানে। বাস্তবিক ব্রহ্মময় ব্রহ্মাণ্ড সকল নির্ব্বিশেষ ভেদ নাহি সার অবিকল। তথাপি ঈশ্বর

শক্তি কে বুঝিতে পারে কেহ বদ্ধ কেহ মুক্ত দেখহ সংসারে। কেহ সুখী কেহ দুঃখী পায় নানা ক্লেশ সকলেতেই ব্রহ্মময় নাহিক বিশেষ। অন্য কিছু নাহি আর ইহার কারণ ঈশ্বরীয় ইচ্ছা মাত্র শুনহ বচন। অতএব তাঁর বাক্যে করিয়ে নির্ভর শাস্ত্র অনুসারে চল নাহি ও বর্ব্বর। পঞ্চান্যতম দীক্ষায় হইয়া দীক্ষিত ইষ্টয় আশ্রমান্যতমেতে বিহিত। যে রূপ সাধন আছে তাহাতে তৎপর হইয়া শ্রেয়ের পথ দেখহ সত্বর। সংসার বন্ধনে মুক্ত অবশ্য হইবে সগুণ নিগুর্ণ ব্রহ্ম দেখিবারে পাবে। ইহা ভিন্ন অন্য কিছু নাহিক উপায় তাহে পরিশ্রম নাহি করিহ বৃথায়। সংক্ষেপেতে সর্ব্বসার ইহাতে বর্ত্তন জ্ঞানরস তরঙ্গিনী হইল সমাপন। ইতি

তারিখ ১৫ আষাঢ় শকাব্দা ১৭৫০

❁❁❁❁❁❁

❁ সমাপ্তঃ ❁

❁❁❁❁❁❁

# সূচীপত্র


| | |
|---|---|
| ক্রিয়াযোগ মাহাত্ম্য ৩ | কন্যা বিক্রয়ি গর্হণ ৩২ |
| সৃষ্টিপ্রকরণ ৪ | ক্রীত কন্যা পুত্রাদি গর্হণ ৩৩ |
| বৈষ্ণব মাহাত্ম্য ৬ | ব্রাহ্মণ মাহাত্ম্য ৩৩ |
| বৈষ্ণব লক্ষণ ৭ | বিপ্রপাদোদক মাহাত্ম্য ৩৪ |
| ধন মাহাত্ম্য ৮ | একাদশী মাহাত্ম্য ৩৯ |
| গঙ্গা মাহাত্ম্য ১০ | একাদশী ব্রত নিয়ম ৩৯ |
| প্রয়াগ মাহাত্ম্য ১৫ | তুলসী মাহাত্ম্য ৫৫ |
| গঙ্গাসাগর মাহাত্ম্য ১৮ | আমলকী মাহাত্ম্য ৬১ |
| গঙ্গাযাত্রা করিবার নিয়ম ২১ | সময় বিশেষে তুলস্যাদি ধারণফল ৬৫ |
| অশ্বত্থ মাহাত্ম্য ২২ | অতিথি মাহাত্ম্য ৬৬ |
| পুরুষোত্তম মাহাত্ম্য ২৫ | অতিথি সেবা বিধি ৬৬ |
| পুত্র বিচার ৩০ | তত্ত্ব নির্ণয়ঃ ৭০ |
| দান মাহাত্ম্য ৩০ | |
| কন্যা দান মাহাত্ম্য ৩২ | |